স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩০শে আশ্বিন বুধবার ১৩৬৯ ইংরাজী 17th Oct. 1962 { ২৩শ সংখ্যা।



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Serve

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৩০শে আশ্বিন বুধবার সন ১৩৬৯ সাল।

## সেবক নয় সে বক!

—০—

ত্রেতা যুগে রামচন্দ্র পিতৃসত্য পালনের জন্য যখন বনে বাস করিতেছিলেন, একদিন পম্পা সরোবরের তীরে এক বক পক্ষীকে দেখিলেন—বক অতি ধীরে ধীরে নিঃশব্দ পাদবিক্ষেপে জলের দিকে অগ্রসর হইতেছে। ধর্ম্মপ্রাণ রামচন্দ্র তাহার এই মন্থর গতি দেখিয়া মনে করিলেন—বক অতি ধার্ম্মিক, তাহার পায়ের তলায় চাপা পড়িয়া পাছে কোনও প্রাণী মরিয়া যাইতে পারে, এই ভয় করিয়া অত্যন্ত আস্তে আস্তে পা ফেলিয়া চলিতেছে। তিনি বকের এই ধর্ম্মভীরুতা একাকী নিরীক্ষণ করিয়া পরিতৃপ্ত হইলেন না, তাঁহার অনুজ লক্ষ্মণকেও ডাকিয়া দেখাইয়া বলিলেন—

শনৈঃ শনৈঃ ক্ষিপেৎ পাদৌ প্রাণীনাং বধ শঙ্কয়া।
পশ্য লক্ষ্মণ পম্পায়াং বকঃ পরমধার্ম্মিক॥

বকের চরিত্র লক্ষ্মণ স্বয়ং অবগত ছিলেন—তিনি সরল উদারহৃদয় রামচন্দ্রকে বকের চতুর হিংস্র স্বভাব বর্ণনা করিয়া জ্যেষ্ঠকে বলিলেন—

ন জানাসি রাঘব ত্বং বকঃ পরমদারুণঃ।
নির্জীব ভক্ষকো গৃধ্রঃ সজীব ভক্ষকো বকঃ॥

অর্থ—হে রাঘব! তুমি জাননা যে বক অতি দারুণ স্বভাব। হিংস্র বলিয়া বিদিত গৃধ্র অর্থাৎ শকুনি মৃত প্রাণীর মাংস ভক্ষণ করে কিন্তু এই বক জীবন্ত প্রাণী ধরিয়া খায়।

গত সাধারণ নির্ব্বাচনের পূর্ব্বে দেশসেবার জন্য সাধারণের সেবক সাজিয়া আত্ম প্রশস্তি বর্ণনা করিয়া প্রাচীর-পত্রে রঙ বেরঙে নিজের নামের শেষে "দেশ সেবক" আপনাদের সেবক ইত্যাদি বিশেষণ দিয়া ভোটার সাধারণের মন ভুলাইয়া পদাধিকার লাভ করিয়া নিজের মর্য্যাদা ও গৌরব বাড়াইবার চেষ্টা করিয়াছেন। অদৃষ্ট গুণে কেহ বা সফলকাম হইয়াছেন, বরাতের দোষে কেহ বা বিফল মনোরথ হইয়া দেশ-সেবার সুযোগ লাভ করিতে না পারায় মনের সাধ মনেই রাখিয়া আবার আগামী নির্ব্বাচনের সুযোগের অপেক্ষা করিতেছেন, কিংবা দুধের সাধ ঘোলে মিটাইবার জন্য নিকট ভবিষ্যতে বিনা শুল্কের সেবা কার্য্য অন্বেষণ প্রয়াসী হইবার মনস্থ করিতেছেন।

যে সমস্ত পুরাতন মোটা বেতনের সেবক দল সসম্মানে দীর্ঘ পাঁচ বৎসর সেবাকার্য্য করিয়া গোলামের কুড়ি ফোঁটার সম্যক সুবিধা গ্রহণ করিয়াছেন, সেবাকার্য্যের নানা পরিকল্পনা করিয়া সেবকত্ব অপেক্ষা সে বকত্বের পূর্ণ গুণাবলী প্রদর্শন করিয়াছেন, তাঁহাদের অনেকেই বিফল মনোরথ হইয়া দেশের দুর্ভাগ্য ঘোষণা করিতেছেন। আবার সেই সব লোভনীয় সেবক পদ গ্রহণ করিয়া দেশকে ধন্য করিবেন যাঁহারা, তাঁহাদের নবোত্তম দেখিয়া আমরা নরদেহে দেবতুল্য শক্তিসম্পন্ন শ্রীশ্রীরামকৃষ্ণ দেবের বচনামৃতের মধুর রস উপভোগ করিবার সুযোগ পাইয়াছি—

একদিন ঠাকুর শিষ্যগণের সহিত ভ্রমণে বহির্গত হইয়া এক পল্লীতে এক গৃহস্থের বাটীতে শুভ বিবাহের আনন্দ কোলাহল, এবং তাহার পার্শ্ববর্ত্তী অন্য বাটীতে সদ্য মৃত পুত্রের পার্শ্বে পিতামাতার হৃদয়বিদারক রোদন ধ্বনি শ্রবণ করিতে করিতে চলিতে লাগিলেন। শিষ্যগণের মধ্যে একজন ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন, ঠাকুর, পাশাপাশি এই দুই ঘটনা দেখিয়া মন বিচলিত হইয়া উঠে। এরা কত আনন্দ করিতেছে আর এদের আজ কি দুর্দ্দিন! ঠাকুর, একটু হাসিয়া বলিলেন দুই বাড়ীতেই একই জিনিস। যাদের ছেলে মরেছে, তারাও একদিন এই বিবাহেরই উৎসবে মাতিয়াছিল, সেই বিবাহের পরিণতি সন্তান জন্মিয়াছিল, আজ সে মারা গেল। ওরা যে ফসল একদিন বুনিয়াছিল, আজ তাই কাটছে, এরা সেই ফসল আজ বুনছে।

চৈত্র মাসে গাছে নূতন পাতা গজায়, আর পুরাতন শুকনো পাতাগুলি গাছের তলায় পড়িয়া বাতাসে খর্ খর্ শব্দ ক'রে কি বলে জানিস? নূতন পাতাদের বলে—

দেখ, দেখ, দেখ, নূতন পাতি,
আসছে তোতে এই দুর্গতি!

---

## ৪টি সন্তানের মাতা নিখোঁজ

### অর্থ ও অলঙ্কার সহ উধাও

পশ্চিম দিনাজপুর, রায়গঞ্জের সাপ্তাহিক 'কুলীক' পত্রিকায় প্রকাশ যে, শিক্ষা বিভাগের জনৈক কর্মচারীর স্ত্রী (৩০) একটি আট মাসের শিশুসন্তানসহ মোট চারিটি সন্তানকে রাখিয়া ২৬শে সেপ্টেম্বর সন্ধ্যার পর হইতে কোথায় নিখোঁজ হইয়াছেন। প্রকাশ যে, উক্ত মহিলা তাঁহার সঙ্গে ২৫ ভরি সোনার অলঙ্কার, নগদ ৪০০৲ টাকা ও ১০ হাজার টাকা জমা আছে এমন একটি পোষ্টাল পাশ-বই লইয়া গিয়াছেন।

---

## মুদ্রণ-শিল্প শিক্ষালয়

মুদ্রণশিল্পের উন্নতির জন্য কল্যাণীতে প্রস্তাবিত কেন্দ্রীয় ইনষ্টিটিউট স্থাপনের প্রচেষ্টা নিঃসন্দেহে একটি শুভ সংবাদ। কেন্দ্রীয় ও রাজ্য সরকার যৌথভাবে প্রতিষ্ঠানটির দায়িত্ব বহন করিবেন। অবশ্য কেন্দ্রীয় সরকারের নিকট হইতেই ব্যয়ের তিন-চতুর্থাংশ আসিবে। মুদ্রণ ও সহযোগী শিল্প বিষয়ে শিক্ষাদানের জন্য একটি তিন-বছরের কোর্স এবং একটি স্বল্পকালীন কোর্স খোলা হইবে।

---

## নমুনা-আদমসুমারি

নয়াদিল্লি, ১৬ই অক্টোবর—১৯৬১ সনের আদম-সুমারির পর জনসংখ্যার হার কী হারে বাড়িতেছে তাহা জানিবার জন্য ডিসেম্বর-জানুয়ারীতে একটি নমুনা-আদমসুমারির ব্যবস্থা করা হইবে। ইহাতে মৃত্যুহার, শিশু মৃত্যুহার, স্থানান্তরগমন, বাসস্থান, বয়স, স্ত্রী-পুরুষের সংখ্যা, বিবাহিত-অবিবাহিতের সংখ্যা প্রভৃতি সম্পর্কেও তথ্য সংগৃহীত হইবে। প্রস্তাবিত নমুনা-আদমসুমারি নির্ধারিত সময়ের ব্যবধানে নিয়মিতভাবে গ্রহণের কথাও বিবেচনা করা হইতেছে। সেন্সাস কমিশনার শ্রীঅশোক মিত্র আগামী ৫ই নবেম্বর হইতে দুই দিন বিভিন্ন রাজ্যের পরিসংখ্যানবিদদের একটি বৈঠক আহ্বান করিবেন। উহাতে নমুনা আদমসুমারি সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত লওয়া হইবে।

---

## পৌর নির্বাচন

রাজ্য সরকারের আদেশে স্থগিত

এক খবরে প্রকাশ, আগামী বৎসর মার্চ্চ মাসে স্থানীয় পৌরসভার যে নির্বাচন হইবার কথা ছিল, তাহা রাজ্য সরকারের আদেশে স্থগিত রাখা হইয়াছে। রাজ্য সরকার সম্প্রতি জানান যে, প্রাপ্তবয়স্কদের ভোটে এই নির্বাচন অনুষ্ঠিত হইবে এবং ইহার জন্য প্রস্তুতি শেষ না হওয়া পর্য্যন্ত নির্বাচন স্থগিত রাখা হইল।

## বিজ্ঞাপনে বিপত্তি

পশ্চিম জার্মাণীর বন সহরের একজন ঘড়িনির্মাতা স্থানীয় সংবাদপত্রে ৫০০টি ঘড়ি বিনামূল্যে বিতরণ করা হইবে বলিয়া বিজ্ঞাপন দেন। তিনি আশা করেন যে, ইহাতে সকলেই সুখ্যাতি করিবে এবং তাঁহার ঘড়িরও প্রচার হইবে। কিন্তু ইহার পরিবর্ত্তে তাঁহার দোকানের সামনে দাঙ্গা বাধিয়া যায়। বহু উপহারপ্রার্থী আসিয়া কাড়াকাড়ি হানাহানি শুরু করে। পুলিশও অবস্থা আয়ত্তে আনিতে পারে না। শেষ পর্য্যন্ত ঘড়ি বিতরণ বন্ধ করা হইল বলিয়া ঘোষণা করা হয়। অতঃপর জনতা ধীরে ধীরে দোকানের সম্মুখ হইতে চলিয়া যায়।

## ছাত্রীর কৃতিত্ব

লরেটো কলেজের ছাত্রী শ্রীমতী বন্দনা ঘোষ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এবারের বি-টি পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করিয়াছেন। শ্রীমতী ঘোষ দিল্লি বিশ্ববিদ্যালয়ের অনার্স গ্র্যাজুয়েট। তিনি ইণ্ডিয়ান নেভীর লেঃ কম্যাণ্ডার বি, কে, ঘোষের কন্যা।

## ছাত্রের কৃতিত্ব

মহম্মদ সাদেক হোসেন এ বছর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বি-কম পরীক্ষায় সেণ্ট জেভিয়ার্স কলেজ হইতে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করিয়াছেন। মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার "ইংলিশ" গ্রামের এক সম্ভ্রান্ত মুসলমান পরিবারে তাঁহার জন্ম। তাঁহার পিতা জনাব আবদুর রহমান। সাদেক হোসেন জঙ্গিপুর কলেজ হইতে আই-কম পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হন।

## নিলামের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানানো যাইতেছে যে জঙ্গিপুর মহকুমার অধীন সরকারের যাবতীয় ফেরীঘাট, খুটাগাড়ীঘাট এবং প্রতাপগঞ্জ হাট ও রঘুনাথগঞ্জ বাজার (সরকারের খাস অংশ) আগামী সন ১৩৭০ সালের জন্য ১ বৎসর মেয়াদে পশ্চিমবঙ্গ সরকারের নির্দ্দিষ্ট সর্ত্তাধীনে নিম্নলিখিত স্থানে ও সময়ে প্রকাশ্য নিলাম ডাকে ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে।

সমসেরগঞ্জ, সুতী ও ফরক্কা থানার অধীন সমস্ত ফেরী ও খুটাগাড়ী ঘাট—ইংরাজী ৭-১১-৬২ তারিখ বেলা ১১টায়, ধুলিয়ান জে, এল, আর, ও, র অফিস।

প্রতাপগঞ্জ হাট—ইংরাজী ১৪-১১-৬২ বেলা ১২ৼটায় স্থান ঐ

রঘুনাথগঞ্জ থানার অধীন সমস্ত ঘাট—ইংরাজী ২৫-১০-৬২ বেলা ১২ৼটায়, রঘুনাথগঞ্জ জে, এল, আর, ও, র অফিস।

রঘুনাথগঞ্জ বাজার (সরকারের খাস অংশ)—ইংরাজী ১৬-১১-৬২ বেলা ১ৼটায় স্থান ঐ

সাগরদীঘি থানার অধীন সমস্ত ঘাট—ইংরাজী ৩-১১-৬২ বেলা ১২ৼটায় স্থান সাগরদীঘি জে, এল, আর, ও,'র অফিস।

নিলামের সর্ত্তাবলী, কবুলিয়তের সর্ত, মাশুলের তালিকা ইত্যাদি নিম্নস্বাক্ষরকারীর অফিসে, মহকুমা অফিসে, বিভিন্ন থানা অফিসে, ব্লক অফিসে, মিউনিসিপ্যাল দপ্তরে, অধঃস্তন ভূমিসংস্কার অফিসে। (জে, এল, আর, ও,) এবং অন্যান্য সরকারী অফিসের নোটীশ বোর্ডে দেখিতে ও জানিতে পারা যাইবে।

স্বাঃ/- এস, কে, কর
মহকুমা ভূমিসংস্কার আধিকারিক
(এস, এল, আর, ও) জঙ্গিপুর।

## চাউলের দর বৃদ্ধি

নূতন আউস চাউল এক সপ্তাহ পূর্ব্বে ২২·৭৫ নঃ পঃ মণ দরে বিক্রয় হইতেছিল। বর্ত্তমানে মণ প্রতি ১৲ টাকা হারে বৃদ্ধি পাইয়া ২৩·৭৫ নঃ পঃ দরে বিক্রয় হইতেছে।

## নৃশংসতা

গত মহাষ্টমীর দিন বেলা ৪টার সময় সমসেরগঞ্জ থানার অন্তর্গত প্রতাপগঞ্জ গ্রামের খোকা স্বর্ণকারের আড়াই বৎসরের শিশু কন্যাকে কোন এক দুর্বৃত্ত জবাই করিয়া সোনার হার লইয়া পলাইয়া গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। প্রকাশ, উক্ত দিন শিশুটী গলায় হার দিয়া বাড়ীর সম্মুখে খেলা করিতেছিল। এই সময় এক দুর্বৃত্ত শিশুটিকে লইয়া পলাইয়া যায় এবং নিকটবর্ত্তী একটি হলুদের জমিতে শিশুটিকে জবাই করিয়া (শ্বাসনালী কাটিয়া) সোনার হার লইয়া পলাইয়া যায়। খোঁজ করিতে করিতে শিশুটির মৃতদেহ হলুদের জমিতে পাওয়া গিয়াছে। এখন পর্য্যন্ত কেহ ধরা পড়ে নাই।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৫ই নভেম্বর ১৯৬২

১৯৬১ সালের ডিক্রীজারী

৯৬ মনি ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং জিয়ারুদ্দিন মণ্ডল দিং দাবি ৪৫০৲ টাকা ১নং লাট থানা সুতি মৌজে হরপুর ৩-৩৯ শতকের কাত ৩৮৷১১ আঃ মূল্য ১০০০৲ খং ৯০৯ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ১-৯৭ শতকের কাত ৬৷৵৭ আঃ মূল্য ৬০০৲ খং ৪৫ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ২-২৫ শতকের কাত ৮৷৵০ আঃ মূল্য ৭০০৲ খং ২৫৮ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ৪-৪০ শতকের কাত ২২৷৯ আঃ মূল্য ১৩৫০৲ খং ৪৫৬ ঐ স্বত্ব

৯৮ মনি ডিঃ শ্যামাচরণ সরকার দেং ঝড়ু হালদার দিং দাবি ৫৯ টাকা ৫০ নঃ পঃ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ৩ শতক মায় তদুপরিস্থিত পোক্তা গৃহাদি আঃ মূল্য ৩০০৲

১৯৬২ সালের ডিক্রীজারী

১৭ মনি ডিঃ বিশ্বনাথ দাস দেং সুভাষ ঘোষ দিং দাবি ১১২ টাকা ৮৩ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ১৭ শতকের কাত ২৮৶৩ তন্মধ্যে দেনদারের সিকি অংশ মায় খেড়ী ঘর পড়তামত জমা ॥৵১০ আঃ মূল্য ১১৫৲ খং ৮০৪



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়:—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়